# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৭৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

### আরবী

وَعَن أم الدَّرْدَاء قَالَت: دَخَلَ عَلَيَّ أَبُو الدَّرْدَاءِ وَهُوَ مُغْضَبٌ فَقُلْتُ: مَا أَغْضَبَكَ؟ قَالَ: وَاللَّهِ مَا أَعْرِفُ مِنْ أَمْرِ أُمَّةِ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئًا إِلَّا أَنَّهُمْ يُصَلُّونَ جَمِيعًا. رَوَاهُ الْبُخَارِيّ

### বাংলা

১০৭৯-[২৮] উম্মুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবুদ্ দারদা (রাঃ) আমার নিকট রাগান্বিত অবস্থায় আসলেন। আমি প্রশ্ন করলাম, কোন্ জিনিস তোমাকে এত রাগান্বিত করল? জবাবে আবুদ্ দারদা (রাঃ) বললেন, আল্লাহর কসম! আমি জামা’আতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা ব্যতীত আর কোন কিছুই দেখতে পাই না মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মাতের মাঝে। (বুখারী)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৫০, আহমাদ ২১১৯৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا أَنَّهُمْ يُصَلُّوْنَ جَمِيْعًا) ‘‘তবে তারা ‘জামা‘আতে সালাত আদায় করে।’’ এখানে আবুদ্ দারদার উদ্দেশ্য হলো যারা জামা‘আতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে তারা তো এ কাজটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অনুসরণেই করে এতে কোন ত্রুটি নেই। তবে তাদের অন্যান্য সকল ‘আমলেই ত্রুটি দেখা যায়। আবুদ্ দারদা (রাঃ)-এর এ উক্তি ছিল ‘উসমান (রাঃ)-এর খিলাফাতের শেষ যামানায়। যদি সে যামানায় সালাত আদায়কারীদের অন্যান্য ‘আমল ত্রুটি পরিলক্ষিত হয় তাহলে তাদের পরে যারা এসেছে তাদের ‘আমলের অবস্থা কিরূপ তা সহজেই অনুমেয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55639

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন